গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি সিটি কলেজ
ওয়েবঃ **www.rgcc.ac.bd**, ই-মেইলঃ **prin2388@yahoo.com**, **EIIN : 126489**
মোবাইল নং- ০১৩২১-৭৫৭০৪৪ ফোন ঃ ০৭২১-৭৭২৩৮৮ (অধ্যক্ষ), ০২৪৭-৮১০১২৮ (অফিস) ফ্যাক্স ঃ ০৭২১-৮১২৬৩২

**তারিখঃ- ০৩.০২.২০২৫ খ্রি.**

# বিজ্ঞপ্তি

উচ্চ মাধ্যমিক দ্বাদশ শ্রেণির ছাত্রদের জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭..০২.০০০০.১১২.৫৭.২২.১৫-২৪৪২ (৬৪), তারিখ: ২৯.০১.২০২৫ খ্রি. মোতাবেক দেশব্যাপী প্রতিভাবান ক্ষুদে ক্রিকেটারদের সন্ধানে **"ট্যালেন্ট হান্ট"**-২য় পর্ব ২০২৫ উপলক্ষে ক্রিকেটার বাছাই এ অংশগ্রহণে আগ্রহীদের আগামী ০৮.০২.২০২৫ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে রেজিস্ট্রেশন (www.pkcsbdcricket.com) করার জন্য বলা হলো। রেজিস্ট্রেশনের ১টি কপি রসায়ন বিভাগের প্রভাষক জনাব মোঃ মাহামুদুল হাসান এর নিকট জমা দেয়ার জন্য বলা হলো।

**(নিবন্ধন কার্যক্রম) শিক্ষা প্রতিষ্ঠানের করণীয়:**

ক) প্রতিটি স্কুল/কলেজে ক্রিকেট টিম তৈরির লক্ষ্যে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ে ক্রিকেট খেলায় সুদূরপ্রসারী সুফল পেতে প্রতিবছর একবার ট্যালেন্ট হান্ট প্রতিযোগিতায় প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান তাদের শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করার জন্য উদ্বুদ্ধ করবে।

খ) ষষ্ঠ, সপ্তম শ্রেণি = গ্রুপ এ, অষ্টম - দশম শ্রেণি = গ্রুপ বি, একাদশ, দ্বাদশ শ্রেণি = গ্রুপ সি। স্কুল/কলেজ থেকে (এ, বি, সি) প্রতিটি গ্রুপে সর্বনিম্ন ১১ জন প্রতিযোগীকে অনলাইন নিবন্ধনে অন্তর্ভুক্ত করতে হবে। নিবন্ধন সম্পন্ন হলে ওয়েবসাইট থেকে প্রত্যেক প্রতিযোগীর (প্লেয়ার এডমিট কার্ড, স্টেডিয়ামে এন্ট্রি টিকেট, অংশগ্রহণমূলক সার্টিফিকেট) ডাউনলোড ও প্রিন্ট করবে। উক্ত প্লেয়ার এডমিট কার্ডে- প্লেয়ার আইডি নম্বর উল্লেখ থাকবে।

গ) অনলাইনে ০১/০২/২০২৫ থেকে ০৯/০২/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত নিবন্ধন করা যাবে। অনলাইনে নিবন্ধনকৃতদের (ক্রমিক নং,প্লেয়ারের গ্রুপ, প্লেয়ারের নাম, অনলাইন থেকে প্রাপ্ত প্লেয়ার আইডি নম্বর) তথ্যগুলো উল্লেখপূর্বক (এ,বি,সি) গ্রুপ ভিত্তিক তালিকা ছক আকারে প্রস্তুত করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN নম্বর সম্বলিত প্যাডে প্রিন্ট করতে হবে। প্রিন্ট কপিতে প্রতিষ্ঠান প্রধান সিল ও স্বাক্ষর প্রদান করবেন। স্বাক্ষরিত প্রিন্ট কপি পিডিএফ ফরমেটে প্রস্তুত করে ০৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. রবিবার তারিখের মধ্যে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসের মেইলে পাঠাতে হবে।

**ঘ) অনলাইনে আবেদন পদ্ধতি (শুধুমাত্র ছাত্র):**

১। **www.pkcsbdcricket.com** ওয়েবসাইটে প্রবেশ করে প্রতিযোগিতায় নিবন্ধন করতে পারবে।

২। প্রতিযোগীর নিজের অথবা অভিভাবকের মোবাইল নম্বর দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। উল্লেখ্য, একটি মোবাইল নম্বর দিয়ে শুধুমাত্র একজন প্রতিযোগীর নিবন্ধন/রেজিস্ট্রেশন করা যাবে। এই মোবাইল নম্বরটি প্রতিযোগীর লগিন নম্বর হিসেবে ওয়েবসাইটে গৃহীত হবে। প্রতিযোগিতায় উত্তীর্ণ হওয়ার তথ্য উক্ত মোবাইল নম্বরে **PKCSBD** থেকে SMS এর মাধ্যমে জানানো হবে।

৩। প্রতিযোগীর রেজিস্ট্রেশন সম্পন্ন হলে ড্যাশবোর্ডে থাকা প্লেয়ার এডমিট কার্ড, স্টেডিয়ামে এন্ট্রি টিকেট, অংশগ্রহণমূলক সার্টিফিকেট ডাউনলোড ও প্রিন্ট করে নিতে হবে। উক্ত কপিগুলো প্রতিযোগীকে বাছাইয়ের দিন সঙ্গে আনতে হবে।

৪। প্রতিযোগিতায় নিবন্ধন : প্রতিযোগিতায় নিবন্ধন সম্পূর্ণ ফ্রি।

| সংযুক্ত হওয়ার মাধ্যম | সার্চ অপশন | |
|---|---|---|
| Google | PKCSBD | |
| Facebook | PKCSBD | |
| YouTube | PKCSBD | |
| Website | www.pkcsbdcricket.com | |
| E-mail | contact.pkcsbd@gmail.com | |
| Support | ঢাকা বিভাগ 01991991701<br>চট্টগ্রাম বিভাগ 01991991702<br>ময়মনসিংহ বিভাগ 01991991703<br>বরিশাল বিভাগ 01991991704 | খুলনা বিভাগ 01991991705<br>সিলেট বিভাগ 01991991706<br>রাজশাহী বিভাগ 01991991707<br>রংপুর বিভাগ 01991991708 |
| Hot Line | 01901466000 | |

Attachment Page 1

প্রতিস্বাক্ষর

03.02.25
অধ্যক্ষ
রাজশাহী সরকারি সিটি কলেজ

অধ্যক্ষ
রাজশাহী সরকারি সিটি কলেজ

03/02/2025
আহ্বায়ক
ক্রীড়া কমিটি
রাজশাহী সরকারি সিটি কলেজ